গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০১৭-২০২

তারিখ ঃ ০৭ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ১৩ আগস্ট, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন **৩১-০৮-২০১৭ তারিখের মধ্যে (হার্ডকপি বিশেষ বাহক মারফত এবং সফট কপি পেনড্রাইভে)** প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৭ ফর্দ।

২২.৮.১৭

মোঃ আবদুল কাদির
উপসচিব
ফোনঃ +৮৮০২ ৯৫৭৪৫১৬
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব ...................................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
০৪. যুগ্মসচিব, ...................................., সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৫. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
০৭. উপসচিব, .................................. সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
০৮. সিনিয়র সহকারী সচিব, .................................. সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
০৯. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১০. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপি ঃ
০১ সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

**বিষয় ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের জুলাই ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ ড. রাখাল চন্দ্র বর্মণ, অতিরিক্ত সচিব(সচিবের দায়িত্বে),, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
তারিখ ও সময় ঃ ১৩ আগস্ট, ২০১৭, বেলা- ১১.৩০ টায়
স্থান ঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা ঃ পরিশিষ্ট-ক

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জুন' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| নং | বিষয় ও অলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর) |
|---|---|---|
| ১. | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | ক)**সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণ: ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণ** বিষয়ে সংস্থা প্রধানগণ জানানঃ<br>ক)**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** চলতি অর্থ বছর থেকে সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করে সকল প্রকার পণ্য, সেবা ও পূর্ত কাজ সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>খ)**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** : এ অধিদপ্তর কর্তৃক ২১/০৩/২০১৭ খ্রিঃ তারিখে ই-জিপি পদ্ধতিতে একটি টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে আর কোন টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন নেই। চলতি অর্থ বছর (২০১৭-১৮) হতে ই-জিপি পদ্ধতিতে শতভাগ টেন্ডার কার্যক্রম শুরু করা হবে।<br>গ)**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** চলতি অর্থ বছর থেকে সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করে সকল প্রকার পণ্য, সেবা ও পূর্ত কাজ সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>ঘ)**কারা অধিদপ্তর :** চলতি অর্থ বছর থেকে সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করে সকল প্রকার পণ্য, সেবা ও পূর্ত কাজ সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ক) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন সকল অধিদপ্তরে জুলাই ২০১৭ মাস থেকে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ ও সকল অধিদপ্তর |
| | খ) বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ<br>গত ০১ মার্চ, ২০১৭ তারিখ ৭৬ নং স্মারকমূলে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় ব্রাজিলীয় সরকারের পক্ষ থেকে চুক্তির উপর কোন মতামত পাওয়া যায়নি। বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকে ব্রাজিলীয় সরকারের জ্ঞাতার্থে এ প্রসঙ্গটি উত্থাপিত হলে বিষয়টি তাদের সক্রিয় বিবেচনায় আছে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে জানানো হয়। গত ১০ আগষ্ট, ২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদপত্র দেয়া হয়েছে।<br>বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন বিষয়ে জানানো হয় গত ২৩ জুলাই, ২০১৭ তারিখে বাংলা অনুবাদ করা ভেটিংকৃত কপি পূণরায় প্রেরণ করা হয় এবং সর্বশেষ গত | খ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |

২০

১০ আগষ্ট, ২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদপত্র প্রেরণ করা হয়।

গ) সংশোধিত জেল কোড এবং নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়ার চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে ভেটিং এর জন্য যথাক্রমে ১৩-১০-২০১৪ ও ২৮-০৩-২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

গ) আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করতে হবে।

বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ

২ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :**

সভায় জানানো হয় যে, ১৯-০৬-২০১৭ তারিখে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সাথে এ বিভাগের ৩টি অধিদপ্তরের মহাপরিচালক ও কারা মহাপরিদর্শক এর ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

০৬-০৭-২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মহোদয়ের সাথে এ বিভাগের সচিব মহোদয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রত্যেক মাসের সমন্বয় সভায় উপস্থাপন করবেন।

বাস্তবায়নে: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা

৩ **মামলাঃ**

সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলা অগ্রগতি নিম্নরূপ ঃ

| অধিদপ্তরের নাম | মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। কারা অধিদপ্তর | এটি মামলা-৩৪টি<br>এএটি মামলা-১৭টি<br>মিস আপীল-০২টি<br>লিভ টু আপীল-০৫টি<br>রিট মামলা-০৫টি | বিচারাধীন | কোন পেন্ডিং নাই |
| ০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফৌজদারী মামলা-০২টি<br>দেওয়ানী মামলা-১১টি<br>লীভ টু আপীল-০১টি<br>সিভিল রিভিশন-০২টি<br>রিট পিটিশন-৪৫টি | বিচারাধীন | কোন পেন্ডিং নাই |
| ০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | রিট পিটিশন-০৫টি<br>এটি মামলা-০৬টি<br>এএটি মামলা-০১টি | বিচারাধীন | কোন পেন্ডিং নাই |
| ০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | রিট পিটিশন-৪৪টি<br>এটি মামলা-০৪টি<br>টাইটেল স্যুট-০১টি | বিচারাধীন | কোন পেন্ডিং নাই |

১) **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** বেসরকারী উকিল নিয়োগের লক্ষ্যে ২টি জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়েছে।

২) **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ক) মন্ত্রণালয় কর্তৃক পরিপত্র সরবরাহ করা হয়েছে,সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

খ) বেসরকারী উকিল নিয়োগের নিমিত্ত বিভিন্ন দপ্তর হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। বেসরকারী উকিল নিয়োগ প্রক্রিয়াধীন আছে।

৩ কারা অধিদপ্তরঃ এ অধিদপ্তর হতে নির্বাচিত কর্মকর্তা কর্তৃক যথারীতি গুরুত্বপূর্ণ মামলাসমূহ তদারকী করা হয়।

ক) তদবীরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

খ) অতিঃসচিব (কারা) সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে সভা করবেন এবং মামলায় সরকারী স্বার্থ রক্ষাসহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মনিটর করবেন।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ

৪) **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** অধিদপ্তরের রীট মামলা ও এটি মামলা পরিচালনা করার জন্য বেসরকারি উকিল নিয়োগের জন্য অধিদপ্তরের ১২-০১-২০১৭ তারিখের ১৩৭ নং স্মারকে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। গুরুত্বপূর্ণ মামলাসমূহ তদারকি করা হচ্ছে।

৪ অডিটঃ

| অধিদপ্তর/সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমান(লক্ষ টাকায়) | ব্রডশীট জবাবের সংখ্যা | নিস্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১৪৪ | ৭২০৩০.২৪ | ০০ | ০০ | ১৪৪ | |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | ০২ | ১.৩১ | ০০ | ০২ | ০২ | |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ৩২৭ | ৯৭৬৮.৬৩ | ০০ | ০০ | ৩৩৫ | |
| **কারা অধিদপ্তর** | ৪৬ | ১৫.৩১ | ১৩ | ০০ | ৩৩ | |
| **মোট** | ৫১৯ | ৮১৮১৫.৪৯ | ১৩ | ০২ | ৫১৪ | |
| | | | | | | |

ক) প্রত্যেক আপত্তির ব্রডশীট জবাব নির্ধারিত সময়ে প্রেরণ করতে হবে।

খ) যথা সময়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠান করতে হবে এবং প্রতি মাসের সমন্বয় সভায় এর অগ্রগতি জানাতে হবে।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/ফোকাল কর্মকর্তা

৫ **পেনশনঃ**

ক) **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।

খ) **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : :** অধিদপ্তরে কোন পেনশন কেইস পেন্ডিং নাই।

গ) **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** পেন্ডিং পেনশন কেস দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নেয়া হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৪টি পেন্ডিং কেইস এর মধ্যে মে-২০১৭ মাসে ০১ টি পেনশন কেইস নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে ০৩ টি অনিষ্পন্ন পেনশন কেইস এর মধ্যে ০১ টিতে অভিভাবক মনোনীত না থাকার কারণে, ০১ টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন সার্টিফিকেট সংগ্রহ করে প্রেরণ না করার কারণে এবং ১টিতে গৃহ নির্মাণ অগ্রিম ও সুদ মওকুফ না হওয়ার কারণে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

ঘ) **কারা অধিদপ্তর :** কোন পেন্ডিং পেনশন কেইস নেই।

সংশ্লিষ্ট বিভাগসমুহকে পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ

| | | |
|---|---|---|
| | | |
| ৫ | **পরিদর্শন :** | |
| | পরিদর্শন বিষয়ে সভায় সংস্থা/দপ্তরসমুহ নিম্নরুপ তথ্য প্রদান করেনঃ<br>**ক) কারা অধিদপ্তর :** কারা মহাপরিদর্শক মে ২০১৭ মাসে ঢাকা, কেরাণীগঞ্জ পরিদর্শন করেছেন। অধীনস্থ কর্মকর্তাগণও পরিদর্শন করছেন।<br>**খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** গৃহিত সিদ্ধান্ত অনুসরণ করা হচ্ছে।<br>**গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** গৃহিত সিদ্ধান্ত অনুসরণ করা হচ্ছে।<br>**ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** গৃহিত সিদ্ধান্ত যথাযথ অনুসরণ করা হচ্ছে। | অধিদপ্তর সমূহের চলমান উন্নয়ন প্রকল্প এবং মাঠ পর্যায়ের অফিস সমূহের কার্যক্রম মনিটর করা, সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ জেলার চলমান গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবেন।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) |
| ৬ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :** | |
| | সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের মধ্যে উল্লেখযোগ্য কোন অনিষ্পন্ন বিষয়াদি নেই মর্মে সভায় জানানো হয়। | সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণ অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাদের সাথে অনিষ্পন্ন বিষয় পর্যালোচনাক্রমে দ্রুত নিষ্পন্ন করবেন।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৭ | **প্রশিক্ষণ :** | |
| | সুরক্ষা সেবা বিভাগ এর অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্তটি অনুসরণ করা এবং চাহিদা অনুযায়ী (Need based) যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের ওপর গুরুত্ব দেয়া প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়।<br>**ক) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** English Language Proficiency এর উপর ১৩ জনের ০১ (এক) টি ব্যাচ প্রশিক্ষণ সমাপ্ত করেছেন।<br>**খ)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং চলমান আছে।<br>গ)**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহন করা হয়েছে।<br>খ) প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে।<br>**ঘ) কারা অধিদপ্তর :** কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের বিষয়টি বাস্তবায়ন করা হচ্ছে। | Training Need Assess করে ২০১৭-১৮ অর্থ বছরের প্রশিক্ষণ সূচী প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহে সকল কর্মকর্তা/কর্মচারীর বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

| | | |
|---|---|---|
| | | |
| ৮ | **ই-ফাইলিং :** | |
| | সরকারী কার্যাদি শতভাগ ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্নকরণে সরকারী নির্দেশনার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। ই-ফাইলিং দ্রুততম সময়ে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়।<br>**ক)বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** ২০-১২-২০১৬ খ্রিঃ হতে ই-ফাইলিং কার্যক্রম চালু হয়েছে।<br>**খ)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** : ই-ফাইলিং বিষয়ে প্রধানমন্ত্রীর দপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করা হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি কার্যক্রম চলমান আছে।<br>**গ)কারা অধিদপ্তর :** ইতোমধ্যেই ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে।<br>**ঘ)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | (ক) আওতাধীন সংস্থা/অধিদপ্তরসহ এ মন্ত্রণালয়ের প্রত্যেক উইং,অধিশাখা ও শাখায় ই-ফাইলিং শতভাগ শুরু করতে হবে।<br>(খ) প্রতি সপ্তাহের ই-ফাইলিং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপণ করতে হবে।<br>গ) অবিলম্বে ই-ফাইলিং বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / অনুবিভাগ প্রধান (সকল) |
| ৯ | **ইনোভেশন ও উত্তম চর্চা :** | |
| | **আলোচনা :** দাপ্তরিক ও নাগরিক সেবার উৎকর্ষতা বৃদ্ধিতে ইনোভেশন ও সৃজনশীল ধারনা এবং উত্তম চর্চায় গুরুত্বের বিষয়টি সভাপতি সবাইকে পুনরায় স্মরণ করিয়ে দেন। সৃজনশীল ধারনা এবং উত্তম চর্চাকে উৎসাহ দান এবং এগুলোর যথাযথ প্রয়োগ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | চীফ ইনোভেশন কর্মকর্তা আগামী সভায় ইনোভেশন বিষয়ে অর্জিত অগ্রগতির ৫/৭ মিনিটের একটি প্রতিবেদন উপস্থাপন করবেন।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ১০ | **গুরুত্বপূর্ণ পেন্ডি বিষয়াদি :** | |
| | ১০.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল) বিধিমালা ২০১৫ প্রণয়ন প্রসঙ্গেঃ<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ(এ্যালকোহল) বিধিমালা ২০১৬ অধিদপ্তরের ২৮ মার্চ ২০১৬ তারিখের ১০১৮ নং স্মারক পত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ১৭ এপ্রিল ২০১৬ তারিখের ৮৩ নং স্মারকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ''এ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৬ এর খসড়া যাচাই-বাছাই ও চূড়ান্তকরণের নিমিত্ত কমিটি গঠন করা হয়। পরবর্তীতে কমিটি গত ০৮ ডিসেম্বর ২০১৬ তারিখে যুগ্মসচিব (সমন্বয়), এর সভাপতিত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ''এ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৬'' এর খসড়া যাচাই-বাছাই ও চূড়ান্তকরণ লক্ষ্যে সুপারিশসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি, ২০১৭ তারিখের ১২ নং স্মারকে অধিদপ্তরে প্রেরণ করেন । এ বিষয়ে গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খসড়া বিধিমালা তৈরী করে দাখিল করার জন্য অধিদপ্তরের ০৩ জন অতিরিক্ত পরিচালককে দায়িত্ব দেয়া হয়েছে। | বিধিমালাটি দ্রুত তৈরী করে পুনঃ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ১০.২ অনুমোদিত অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন প্রস্তাব ।এ অধিদপ্তরের স্মারক নং ৪৪.০৬.০০০০.০০৭.৩৪.১৫৪.১৪-২৫৪৫, তারিখ: ০৭/০২/২০১৭ মূলে সুরক্ষা সেবা বিভাগ সরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | অগ্নি প্রতিরোধ বিধিমালাটি ভেটিং এর জন্য পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ১০.৩ বাংলাদেশ পাসপোর্ট আইন-২০১৬।<br>মন্ত্রিপরিষদ বিভাগের আইন অধিশাখায় কার্যক্রমাধীন রয়েছে। | এ বিষয়ে সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় জানাতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |

| | |
|---|---|
| ১০.৪ জেল কোড ও প্রিজন এ্যাক্ট সম্পর্কিত আলোচনা।<br>জেল কোড সংশোধন ও প্রিজন অ্যাক্ট প্রণয়নের বিষয়টি আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য পেন্ডিং রয়েছে। | এ বিষয়ে সর্বশেষ অগ্রগতি জানাবেন।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ১০.৫ অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক (ওয়্যারহাউজ), পরিচালক (প্রশিক্ষণ) সংশ্লিষ্ট কর্মকর্তার সহায়ক স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, ড্রাইভার ও অফিস সহায়ক এর ১২টি পদ সৃজন প্রসঙ্গে।<br>সংশোধিত প্রস্তাব প্রেরণের বিষয়টি ফায়ার অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবটি দ্রুত সংশোধনপূর্বক পুনরায় প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১০.৬ ১৫৬ প্রকল্পের আওতায় ০৪টি ফায়ার স্টেশনের অনুকুলে ১০৮টি পদ সৃজনের প্রস্তাব।<br>পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। অর্থ বিভাগের সম্মতির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | ফায়ার স্টেশন স্থাপন সংক্রান্ত উন্নয়ন প্রকল্পেরসমূহের পদের অগ্রগতির বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করবে এবং উন্নয়ন অনুবিভাগ এবং উন্নয়ন অনুবিভাগ ও অগ্নি অনুবিভাগ এ বিষয়টি মনিটরিং করবে।<br>বাস্তবায়নে : উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১০.৭ ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ৫৫ টি স্টেশনের ১৪৯৩টি জনবলের পদ সৃজনের প্রস্তাব প্রসঙ্গে।<br>পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। অর্থ বিভাগের সম্মতির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | |
| ১০.৮ দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সাগর/স্থানে ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন ১৫ টি ফায়ার স্টেশনের অনুকূলে ৪০৫ টি পদ সৃজনের প্রস্তাব।<br>পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। অর্থ বিভাগের সম্মতির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | |
| ১০.৯ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়্যারহাউজ ইন্সপেক্টর, স্টেশন অফিসার, স্টাফ অফিসার, জুনিয়র প্রশিক্ষক ও মবিলাইজিং অফিসার এই পাঁচ ক্যাটাগরীর পদের বেতনস্কেল।<br>অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন উইং এ প্রক্রিয়াধীন রয়েছে। | এ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত বিষয়টি নিস্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে :অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১০.১০ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ৩টি ক্যাটাগরীর মোট ৬টি পদের (ফায়ারম্যান, সমমান ডেমস্ট্রেটর) বেতন স্কেল উন্নীতকরণ।<br>এ অধিদপ্তরের ১৫/০৫/২০১৭ তারিখের ৭২৫ নং স্মারকে পুনরায় প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে অর্থ বিভাগের অসম্মতির প্রেক্ষিতে যৌক্তিকতা তুলে ধরে পুনরায় অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১০.১১ নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদ সৃজন।<br>প্রস্তাবিত ৪৮টি পদের মধ্যে ইতোমধ্যে ৩৪টি পদ সুরক্ষা সেবা বিভাগের ০৮/০৬/১৭ তারিখের ৩৯৬/২ স্মারক মূলে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সরকারি মঞ্জুরির প্রজ্ঞাপন নির্দেশক্রমে জারি করা হয়েছে। | নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদের বেতনস্কেল নির্ধারণের জন্য দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১০.১২ কারা অধিদপ্তরাধীন ৬৬ টি কারাগারের জন্য পূর্বে প্রস্তাবিত জনবলের সংশোধিত ১৬,৮৭৪ টি পদ সৃজনের প্রস্তাবে ৩,১০৭ টি পদের অনুমোদন পাওয়া যায়।<br>ডিসেম্বর ২০১৭ এর মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার কার্যক্রমাধীন রয়েছে। | সৃজিত পদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে :কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ১০.১৩ কারা অধিদপ্তরের অধীন বিভিন্ন কারাগারের টিওইএন্ডইতে ৫৮টি যানবাহন অন্তর্ভূক্তকরণ।<br>যোগাযোগ অব্যাহত রয়েছে। | অর্থ বিভাগের সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা নিতে হবে।<br>বাস্তবায়নে :কারা অধিশাখা/কারা অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ১০.১৪ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কম্পিউটার, ল্যাপটপ ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-এ অন্তর্ভূক্ত বৃদ্ধিকরণের প্রস্তাব।<br>অধিদপ্তরের ০৪ জানুয়ারি ২০১৬ তারিখের ১৪ নং স্মারক পত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় অর্গানোগ্রামে কম্পিউটার ল্যাপটপ ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-এ অন্তর্ভূক্ত করে পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করেন। ইতোমধ্যে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় মহোদয় কর্তৃক অর্গানোগ্রাম স্বাক্ষরিত হওয়ায় অধিদপ্তরের কম্পিউটার ল্যাপটপ ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-এ অন্তর্ভূক্ত করার জন্য অধিদপ্তরের ০৩ এপ্রিল, ২০১৭ তারিখের ৩০৯৬ নং স্মারকে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে চাহিত তথ্য দ্রুত প্রেরণ করবেন।<br>বাস্তবায়নে :মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ১০.১৫ মৌলভী বাজার জেলা কারাগারের জন্য ৩.০৩ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন।<br>জেলা প্রশাসনের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে। | জেলা প্রশাসক, মৌলভীবাজার-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। দ্রুততম সময়ে অগ্রগতি জানাতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ১১ | **বিবিধ :** | |
| | **১১.১ কর্মপরিকল্পনা প্রনয়ণ :**<br>সরকারের ভিশন প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাজেট বরাদ্দ ইত্যাদি বিবেচনায় রেখে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। নিজ কর্মপরিধির আওতায় থেকে সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে সরকারের উদ্দেশ্যে অর্জনে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br>**১১.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ :**<br>**কারা অধিদপ্তর :** সভায় জানানো হয় যে, ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালু করার লক্ষ্যে ঢাকাস্থ দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-১,কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার এবং ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জ এ ২টি কক্ষে বহিঃশব্দ নিরোধ ব্যবস্থাকরণ, সিসি ক্যামেরা স্থাপনও সাধারণ সংস্কারের জন্য প্রধান প্রকৌশলী, গনপূর্ত অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে।<br>**১১.৩ কয়েদী/হাজতি হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ :**<br>**কারা অধিদপ্তর :** সভায় জানানো হয় যে, যেসব কয়েদী/হাজতি অসুস্থতার কারণ দেখিয়ে দীর্ঘদিন হাসপাতালে অবস্থান করছে তাদের উপযুক্ত মেডিকেল বোর্ড কর্তৃক পরীক্ষাক্রমে হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার জন্য সকল সিনিয়র জেল সুপার, জেল সুপারকে নির্দেশনা প্রদান করা হযেছে। | ১১.১ কমিটি পরবর্তী সমন্বয় সভায় তাদের কর্মপরিকল্পনা উপস্থাপন করবেন।<br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট কমিটি<br>১১.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে Audio-Visual পদ্ধতি স্থাপনের মাধ্যমে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা<br>১১.৩ কয়েদী/হাজতীগণের হাসপাতালে চিকিৎসার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন এবং নীতিমালার আওতায় সিভিল সার্জন/সরকারী হাসপাতালের চিকিৎসকগণকে যুক্ত করে একটি সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |

৩। পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৫/২০১৭

ড. রাখাল চন্দ্র বর্মণ, অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়